# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৭৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫) ফজর, আসর ও মাগরিব নামাযের পরে যে যিকির পাঠ করতে হয় তার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في أذكار يقولها بعد الصبح والعصر والمغرب

আরবী

(حسن لغيره) وَعَنْ عبد الرحمن بن غنم رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أنه قال من قال قبل أن ينصرف ويثني رجليه من صلاة المغرب والصبح لا إِلَهَ إِلا اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي وَيُمِيتُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ عشر مَرَّاتٍ، كُتِبَ الله لَهُ بِكُلِّ وَاحِدَةٍ عَشْرُ حَسَنَات، وَمُحِا عَنْهُ عَشْرُ سَيِّئَات، وَرُفِعَ لَهُ عَشْرُ دَرَجَاتٍ، وَكَانَتْ لَهُ حِرْزًا من مِنْ كُلِّ مَكْرُوهٍ، وَحِرْزًا مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ، وَلَمْ يَحِلَّ لِذَنْبٍ أن يُدْرِكُهُ إِلَّا الشِّرْكَ ، وَكَانَ مِنْ أَفْضَلِ النَّاسِ عَمَلًا، إِلَّا رَجُلًا يَفْضُلُهُ، يَقُولُ: أَفْضَلَ مِمَّا قَالَ ". (رواه أحمد)

বাংলা

৪৭৭. (হাসান লি গাইরিহী) আবদুর রহমান বিন গানম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”যে ব্যক্তি মাগরিব ও ফজরের নামাযের শেষে চলে যাওয়ার পূর্বে এবং পা দু’টিকে গুটিয়ে নেয়ার পূর্বে পাঠ করবে ”লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা-শারীকা লাহু লাহুল মূলকু ওয়ালাহুল হামদু ইয়ুহ্যি ওয়া ইয়মীতু ওয়াহুয়া আলা কুল্লি শাইয়িন ক্বাদীর” ১০ বার, তাহলে আল্লাহ তার জন্য প্রত্যকটির বিনিময়ে দশটি নেকী লিখে দিবেন, দশটি গুনাহ মোচন করবেন এবং দশটি মর্যাদা উন্নীত করবেন। সেই দিন তাকে সব ধরণের অপছন্দনীয় বস্ত থেকে রক্ষা করা হবে এবং বিতাড়িত শয়তান থেকে তাকে নিরাপদ রাখা হবে। শির্ক ব্যতীত কোন গুনাহ তাকে স্পর্শ করার সুযোগ পাবে না এবং সে হবে ঐ দিন মানুষের মধ্যে সর্বশ্রেষ্ঠ আমলকারী। তবে ঐ ব্যক্তি ব্যতীত যে তার চেয়ে উত্তম হবে অর্থাৎ তার চেয়ে বেশী পাঠ করবে।”

(হাদীছটি বর্ণনা করেছেন ইমাম আহমদ ৪/২২৭) এ হাদীছটি বেশ কয়েকজন সাহাবী থেকে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবনে গান্‌ম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন